দৈনিক
ইনকিলাব

তারিখ ... 13 FEB 2012 ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

অবৈধ প্রাথমিক শিক্ষক সমিতি ও কাউন্সিলের সাথে ৯৮% শিক্ষকদের সম্পর্ক নেই

–সরকারি প্রাথমিক শিক্ষক সমিতি

স্টাফ রিপোর্টার : প্রাথমিক শিক্ষক নন এমন কেউ এবং অবসর প্রাপ্ত প্রাথমিক শিক্ষক কেউই প্রাথমিক শিক্ষক সমিতির সাথে সম্পৃক্ত বা নেতৃত্ব দিতে পারবে না। এ সংক্রান্ত ৯৫৮নং মামলার আপিলের রায়ে (১৫-৫-২০০৭ ইং) এবং ম্যেন্ট ইক কোম্পানির স্মারকে (নং-২২০/১ তাং ৫-০৪-০৯) এ কথা উল্লেখ রয়েছে। এরপরও অবসর প্রাপ্ত কতিপয় প্রাথমিক শিক্ষক, প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃত্ব দিয়ে প্রকাশ্যে তা ঘোষণা করছে এবং কাউন্সিলের ঘোষণা দিচ্ছে। এরূপ বেআইনী সমিতির সমাবেশে কোন কোন মন্ত্রী অংশ নিচ্ছেন যা উদ্বেগজনক। বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির মহাসচিব মিসেস সালেহা আক্তার গতকাল এক বিবৃতিতে এ উদ্বেগ প্রকাশ করেছেন। বিবৃতিতে বলেন, না জেনে না বুঝে কিছু কিছু প্রাথমিক শিক্ষক এমন সব শিক্ষক সমিতির সাথে সম্পৃক্ত থাকলেও দেশের ৯৮% শিক্ষকের এমন কোন অবৈধ সমিতি ও কাউন্সিলের সাথে সম্পৃক্ততা নেই।